

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.২৬.০০৪.১৮-৬৯

তারিখ: ০৮ মাঘ ১৪৩০
২২ জানুয়ারি ২০২৪

বিষয় : ফরিদপুর জেলা পরিষদের জন্য ০১ (এক) টি নতুন জীপ গাড়ি ক্রয়ের প্রশাসনিক অনুমোদন সংক্রান্ত।

সূত্র: জেলা পরিষদ, ফরিদপুর এর স্মারক নং-জেপফ/প্রশাঃ/১৩১, তারিখ: ১৪/০১/২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ফরিদপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৪৫,৮৭,৫০০.০০ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ সাতাশি হাজার পাঁচশত টাকা) প্রাক্কলিত ব্যয়ে ০১(এক)টি নতুন জীপ গাড়ি (Mitsubishi Pajero Sport QX) ক্রয়ের প্রস্তাব পাওয়া যায়। ফরিদপুর জেলা পরিষদের পূর্বের জীপ গাড়ি 'ফরিদপুর ঘ-১১-০০৪৪নং' মিতাসুবিশি জীপ গাড়িটি ২০১১ সালে (প্রায় ১৩ বছর পূর্বে) ক্রয় করা হয়। উক্ত গাড়িটি ব্যবহারের অনুপযোগী মর্মে বিআরটিএ, ফরিদপুর কর্তৃক প্রত্যয়ন প্রদান করেন। সকল আনুষ্ঠানিকতা প্রতিপালন শেষে উক্ত জীপ গাড়ি সম্প্রতি স্থানীয় সরকার বিভাগ হতে অকেজো ঘোষণা করা হয়েছে। সে প্রেক্ষিতে নতুন জীপ গাড়ি ক্রয় করা প্রয়োজন।

২। এমতাবস্থায়, ফরিদপুর জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় ১,৪৫,৮৭,৫০০.০০ (এক কোটি পঁয়তাল্লিশ লক্ষ সাতাশি হাজার পাঁচশত টাকা) প্রাক্কলিত ব্যয়ে ০১(এক)টি নতুন জীপ গাড়ি (Mitsubishi Pajero Sport QX) ক্রয়ের সম্মতি প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

মাহবুবা আইরিন
উপসচিব

ফোনঃ +৮৮০২২২৩০৫৫৫৬৮

ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

সচিব

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়,
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি:

১. অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. চেয়ারম্যান, জেলা পরিষদ, ফরিদপুর।
৫. প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ফরিদপুর।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।